দৈনিক সংবাদ

তারিখ 08 JAN 1995
পৃষ্ঠা ২ কলাম ৪

10

## সরকারি কর্মচারীদের সন্তানদের শিক্ষাবৃত্তির দরখাস্ত আহ্বান

সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তর ৩য় ও ৪র্থ শ্রেণীর নন- গেজেটেড সরকারি কর্মচারীদের কাছ থেকে তাদের সন্তানদের শিক্ষাবৃত্তির জন্য নির্ধারিত ফরমে দরখাস্ত আহ্বান করেছে। কন্টিজেন্সি ও ওয়ার্কচার্জড কর্মচারী যারা পাঁচ বছর বা তার বেশি সময় চাকরি করছেন তারাও তাদের সন্তানদের জন্য দরখাস্ত করতে পারবেন।

বৃত্তির জন্য নির্ধারিত আবেদন ফরম সরকারি কর্মচারী কল্যাণ পরিদপ্তরের প্রধান কার্যালয়, ঢাকা এবং সকল বিভাগীয় কার্যালয় হতে পাওয়া যাবে। ফরম যথাযথ কর্তৃপক্ষের মাধ্যমে পূরণ করে আগামী ১৪ মার্চের মধ্যে সংশ্লিষ্ট কার্যালয়ে পাঠাতে হবে।

সংশ্লিষ্ট ছাত্রছাত্রীদের বিদ্যালয়, বোর্ড ও বিশ্ববিদ্যালয়ের পরীক্ষার মূল নম্বরপত্রের ফটোকপি এবং সম্প্রতি তোলা ছবি গেজেটেড কর্মকর্তা দিয়ে সত্যায়িত করে দাখিল করতে হবে। খবর সরকারি তথ্য বিবরণীর।